# বিটিভির মহাপরিচালক হলেন কাজী জেসিন



বিটিভির মহাপরিচালক হলেন কাজী জেসিন। ছবি: সংগৃহীত

বাংলাদেশ টেলিভিশনের (বিটিভি) মহাপরিচালক (গ্রেড-১) পদে চুক্তিভিত্তিক নিয়োগ পেয়েছেন কাজী জেসিন। এ বিষয়ে বৃহস্পতিবার (৬ আগস্ট) জনপ্রশাসন মন্ত্রণালয় প্রজ্ঞাপন জারি করেছে।

প্রজ্ঞাপনে বলা হয়েছে, বাংলাদেশ টেলিভিশন কর্তৃপক্ষ আইন, ২০০১-এর ধারা ১১(২) অনুযায়ী কাজী জেসিনকে এক বছরের জন্য বিটিভির মহাপরিচালক হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। নিয়োগ কার্যকর হবে তার যোগদানের তারিখ থেকে।

এতে আরও উল্লেখ করা হয়, দায়িত্ব গ্রহণের আগে তাকে অন্য কোনো পেশা, ব্যবসা বা সরকারি, আধা-সরকারি, বেসরকারি প্রতিষ্ঠান কিংবা সংগঠনের সঙ্গে বিদ্যমান কর্মসম্পর্ক ত্যাগ করতে হবে।

প্রজ্ঞাপন অনুযায়ী, নিয়োগের অন্যান্য শর্ত পৃথক চুক্তিপত্রের মাধ্যমে নির্ধারণ করা হবে। জনস্বার্থে এ আদেশ অবিলম্বে কার্যকর হবে বলেও জানানো হয়েছে।

LENS ASIA